


## বাংলাদেশের শেফগণ দেশে-বিদেশে সুনামের সাথে অবদান রাখছেঃ রাষ্ট্রপতি

- A Monitor Desk Report

Date: 18 July, 2024



ঢাকাঃ দেশের অভিজ্ঞ শেফগণ তাদের নানা বৈচিত্রময় ও ঐতিহ্যবাহী স্বাদের রান্নার মাধ্যমে দেশে-বিদেশে অত্যন্ত সুনামের সাথে অবদান রেখে চলছেন। সম্প্রতি বঙ্গভবনে বাংলাদেশ শেফ ফেডারেশনের সাথে মতবিনিময়ের সময় রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন একথা বলেন।

রাষ্ট্রপতির সাথে সাক্ষাতকালে উপস্থিত ছিলেন বাংলাদেশ শেফ ফেডারেশনের সভাপতি জহির খান, উপদেষ্টা ও প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেল এর ফুড এন্ড বেভারেজ বিভাগের ডিরেক্টর কাজী মোয়াজ্জেম হোসেন ও আরেক উপদেষ্টা আসরিয়া গুপের ব্যবস্থাপনা পরিচালক আক্কাস উদ্দিন।

তিনি আরও বলেন, দেশের রান্না ও খাবারের যেই ঐতিহ্য রয়েছে, সেই ঐতিহ্য বিশ্বদরবারে তুলে ধরছেন বাংলাদেশি অভিজ্ঞ শেফগণ। বিশ্বব্যাপী বিভিন্ন দেশে বাংলাদেশের শেফগণ কাজ করে দেশের সুনাম অক্ষুণ্ণ রাখার পাশাপাশি দেশের জন্য বৈদেশিক মুদ্রা অর্জনেও ভূমিকা রাখছেন।

রাষ্ট্রপতি বাংলাদেশ শেফ ফেডারেশনের নেতৃবৃন্দের উদ্দেশ্যে আরও বলেন, সরকার তরুন শেফদের জন্য উন্নত প্রশিক্ষণের সুযোগ তৈরি করে দিয়েছে। সরকার অনেকগুলো নতুন নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তৈরি করেছে যেখান থেকে শেফরা প্রশিক্ষণ প্রাপ্ত হয়ে দেশে ও দেশের বাইরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

উক্ত প্রতিষ্ঠানগুলো দেশের বেকারত্ব মোচনেও যথেষ্ট ভূমিকা রাখছে। সরকার কর্তৃক গ্রহণকৃত এই সকল পদক্ষেপের জন্য শেফ ফেডারেশনের পক্ষ থেকে সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়েছে, তিনি আরও জানান।

